# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৩৬) কেউ কি তার আমলের বিনিময়ে জান্নাতে প্রবেশ করতে পারবে কিংবা জাহান্নাম হতে রেহাই পাবে?

উত্তরঃ আমলের বিনিময়ে কেউ জান্নাতে প্রবেশ করতে পারবে না কিংবা জাহান্নাম থেকে পরিত্রাণ পাবে না।[1] নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(قَارِبُوا وَسَدِّدُوا وَاعْلَمُوا أَنَّهُ لَنْ يَنْجُوَ أَحَدٌ مِنْكُمْ بِعَمَلِهِ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَلاَ أَنْتَ قَالَ: وَلاَ أَنَا إِلاَّ أَنْ يَتَغَمَّدَنِيَ اللَّهُ بِرَحْمَةٍ مِنْهُ وَفَضْلٍ) وفي رواية: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ سَدِّدُوا وَقَارِبُوا وَأَبْشِرُوا فَإِنَّهُ لَنْ يُدْخِلَ الْجَنَّةَ أَحَدًا عَمَلُهُ قَالُوا وَلاَ أَنْتَ يَا رَسُولَ اللَّهِ قَالَ: وَلاَ أَنَا إِلاَّ أَنْ يَتَغَمَّدَنِي اللَّهُ مِنْهُ بِرَحْمَةٍ وَاعْلَمُوا أَنَّ أَحَبَّ الْعَمَلِ إِلَى اللَّهِ أَدْوَمُهُ وَإِنْ قَلَّ)

‘‘তোমরা দ্বীনের নিকটবর্তী হও, সঠিক পথের উপর থাক। আর জেনে রাখ! আমলের বিনিময়ে তোমাদের কেউ জাহান্নাম থেকে নাজাত পাবে না। তাঁরা বললেনঃ হে আল্লাহর রাসূল! আপনিও না? তিনি বললেনঃ আমিও না। তবে আমাকে যদি আল্লাহ্ তাঁর রহমত ও অনুগ্রহ দ্বারা আচ্ছাদিত করে নেন। অন্য বর্ণনায় আছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ তোমরা সঠিক পথের উপর থাক। তোমরা দ্বীনের নিকটবর্তী হও এবং সুসংবাদ গ্রহণ কর। কেননা কারো আমল তাকে জান্নাতে প্রবেশ করাবে না। সাহাবীগণ বললেনঃ হে আল্লাহর রাসূল! আপনিও কি আপনার আমলের বিনিময়ে জান্নাতে প্রবেশ করতে পারবেন না? তিনি বললেনঃ না, আমিও আমার আমলের বিনিময়ে জান্নাতে প্রবেশ করতে পারব না। তবে আমাকে যদি আল্লাহ্ তাঁর রহমত ও অনুগ্রহ দ্বারা আচ্ছাদিত করে নেন, সে কথা ভিন্ন। আরও জেনে রাখ যে, আল্লাহর কাছে সেই আমল অধিক প্রিয়, যা সর্বদা করা হয়। যদিও তার পরিমাণ অল্প হয়ে থাকে।[2]

>

## ফুটনোট

[1] - আমল জান্নাতের যাওয়ার জন্য সহায়ক হবে। তবে আমলই যে জান্নাতে নিয়ে যাবে তা নয়। বরং আমলকারীর উপর আল্লাহর রহমত থাকা জরুরী। আর যিনি আমল করেবন আল্লাহ্ কেবল তার উপরই রহমত করবেন।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11950

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন